



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
সাধারণ শাখা



www.rangpurdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২২.২১৫

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০

০১ এপ্রিল ২০২৪

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের নিমিত্ত রংপুর বিভাগের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

ক্রঃ নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
০১	(ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। (গ) তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এর বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (ঘ) এ কার্যালয়ের কর্মকর্তা /কর্মচারীদের নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	(ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রয়েছে। (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হচ্ছে। (গ) তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এর বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রয়েছে। (ঘ) এ কার্যালয়ের কর্মকর্তা /কর্মচারীদের নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে।	-
০২	(ক) রংপুর বিভাগের ০৮ টি জেলার ০৮ টি উপজেলা ভূমি অফিসসমূহ আকস্মিকভাবে পরিদর্শন করতে হবে, ব্রডশীট জবাবসহ যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। (খ) প্রাপ্ত এল এ কেসের আবেদন ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে। (গ) দিনাজপুর জেলায় খতিয়ানের কতটি আবেদন নিষ্পত্তি হয়েছে তা মনিটরিং করতে হবে। (ঘ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর আদালতের মামলার তারিখ ওয়েবসাইটে প্রকাশ ও পক্ষগণকে এসএমএস এর মাধ্যমে নোটিশ প্রদান করতে হবে।	(ক) ২০২৩-২৪ অর্থবছরে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২৪-মার্চ/২৪) মাসে বিভাগীয় কমিশনার, রংপুর কর্তৃক ০৩ (তিন)টি এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) কর্তৃক ০১ (এক) টি উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করা হয়েছে। ব্রডশীট জবাব এখনও পাওয়া যায়নি। (খ) রংপুর জেলায় এল এ কেসের চেক প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং প্রমাণক সংরক্ষণ করা হচ্ছে। (গ) দিনাজপুর জেলায় খতিয়ানের কতটি আবেদন নিষ্পত্তি হয়েছে তা মনিটরিং করা হচ্ছে এবং প্রমাণক সংরক্ষণ করা হচ্ছে। (ঘ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর আদালতের মামলার তারিখ ওয়েবসাইটে প্রকাশ ও পক্ষগণকে এসএমএস এর মাধ্যমে নোটিশ প্রদান করা হচ্ছে। আদালতে দায়েরকৃত আপিল মামলা নিষ্পত্তিকরণে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে আপিল মামলা দায়েরের সর্বোচ্চ ৩ মাসের মধ্যে নিষ্পত্তির সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।	

০৩	(ক) ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে। (খ) কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে। প্রাধিকার প্রাপ্ত দাপ্তরিক পোষাক ২০২৩-২৪ অর্থবছরে কতটি বরাদ্দ প্রাপ্ত হয়েছে এবং কতজনকে দেয়া হয়েছে তার তথ্য ২০/১২/২০২৩ তারিখের মধ্যে সাধারণ শাখায় প্রেরণ করতে হবে।	(ক) ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১/০৭/২০২৩ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। (খ) কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রাধিকার প্রাপ্ত দাপ্তরিক পোষাক ২০২৩-২৪ অর্থবছরে ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে।	-
০৪	অর্থবছর ভিত্তিক প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের প্রথম ০৩ কার্যদিবসের মধ্যে সকল প্রমাণকসহ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সাধারণ শাখায় প্রেরণ করতে হবে।	নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে।	-
০৫	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আগামী মার্চ/২৪ মাসে আয়োজন করতে হবে।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ৩১ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিত হয়েছে।	
০৬	টি আর বরাদ্দের গৃহীত প্রকল্পসমূহ স্বচ্ছতা আনয়নের জন্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	টি আর বরাদ্দের গৃহীত প্রকল্পসমূহ স্বচ্ছতা আনয়নের জন্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।	
০৭	(ক) নির্ধারিত সময়ের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য প্রদান করতে হবে এবং জিআরএস সফটওয়্যারে প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তি করতে হবে। (খ) সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করতে হবে। (গ) সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিসে আগমন করতে হবে। (ঘ) অপ্রয়োজনীয় কাগজ ব্যবহার পরিহার করতে হবে।	(ক) ২০২৩-২৪ অর্থবছরে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য প্রদান করা হচ্ছে এবং জিআরএস সফটওয়্যারে ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি/২৪-মার্চ/২৪) ০৩ টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। (খ) এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। (গ) নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর অফিসে উপস্থিতির ধারা অব্যাহত রয়েছে। (ঘ) অপ্রয়োজনীয় কাগজ ব্যবহার পরিহার করা হচ্ছে।	



১-৪-২০২৪

মো: হাবিবুর রহমান

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৫৮৮৮১২০০১

ফ্যাক্স: ০২৫৮৮৮১২০১৪

ইমেইল:

divcomrangpur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয় ঢাকা।